

পল্লী উন্নয়নে আরডিএ বগুড়ার উদ্ভাবনী মডেল



পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

মুখবন্ধ

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীন একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে কার্যক্রম পরিচালনা করছে। স্বাধীনতাত্তর বাংলাদেশের পুনর্গঠনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে সকল পদক্ষেপ ও কার্যক্রম হাতে নিয়েছিলেন তার অন্যতম হচ্ছে, ক্ষুধা দারিদ্র্য পীড়িত উত্তরাঞ্চলের উন্নয়নে প্রশিক্ষিত জনবল তৈরী ও প্রযুক্তি উদ্ভাবনে ১৯৭৪ সালে ১৯ জুন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া প্রতিষ্ঠা। প্রতিষ্ঠার পর হতে এ একাডেমী পল্লী উন্নয়নের ক্ষেত্রে গবেষণা, প্রায়োগিক গবেষণা, প্রশিক্ষণ এবং পরামর্শ সেবা প্রদানসহ পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন রুরাল ডেভেলপমেন্ট ডিগ্রী প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় কৃষি যান্ত্রিকীকরণ, পানি ও সেচ ব্যবস্থাপনা, ক্ষুদ্র কুটির শিল্প ও উদ্যোক্তা উন্নয়নে একাডেমী ব্যাপক অবদান রেখে আসছে। বর্তমানে একাডেমীর মাধ্যমে বাংলাদেশের প্রায় সকল জেলায় কৃষি এবং সেচ ও পানি ব্যবস্থাপনা সংক্রান্ত প্রায়োগিক গবেষণা কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রতিষ্ঠানটি ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত ৬৭৬,৫৯২ জনকে প্রশিক্ষণ দিয়েছে, ৫৫৭টি গবেষণা প্রতিবেদন ও জার্নাল প্রবন্ধ প্রকাশ করেছে এবং ৪৯টি প্রায়োগিক গবেষণা প্রকল্প সফলভাবে সম্পন্ন করেছে। বর্তমান বিশ্বে বিজ্ঞানের অগ্রযাত্রায় কৃষিক্ষেত্রে ও পানি ব্যবস্থাপনায় যে ব্যাপক প্রযুক্তিগত উন্নয়ন হয়েছে তা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার জন্য একাডেমী বিভিন্ন ধরনের প্রায়োগিক গবেষণা কার্যক্রম এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে উদ্যোক্তা সৃজনের বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। প্রায়োগিক গবেষণার ফলাফলের ভিত্তিতে পল্লী উন্নয়ন সংক্রান্ত সমস্যা চিহ্নিতকরণপূর্বক টেকসই সমাধানের নিমিত্ত একাডেমী বেশকিছু সবুজ উদ্ভাবনী মডেল উদ্ভাবন করেছে। আরডিএ, বগুড়া সর্বদা নতুন নতুন ধারণা ও উদ্ভাবনের জন্য নিবেদিত। এ প্রতিশ্রুতি আরডিকে পল্লী উন্নয়নের নেতৃত্বে আসীন করেছে যা জাতীয় ও আন্তর্জাতিক স্বীকৃতি অর্জনের সুযোগ তৈরি করেছে। পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া ইতোমধ্যে উল্লেখযোগ্য স্বীকৃতি যেমন: ডিজিটাল বাংলাদেশ অ্যাওয়ার্ড-২০২২, জাতীয় পল্লী উন্নয়ন পদক- ২০১২, আফ্রিকান-এশিয়ান রুরাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (আরডো) এওয়ার্ড-২০১২, বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪১৭ (২০১১) রৌপ্যপদক, বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪১৫ (২০১০) স্বর্ণপদক, স্বাধীনতা পুরস্কার-২০০৪ এবং ইন্টারন্যাশনাল কমিউনিকেশন অ্যাওয়ার্ড-২০০৪ অর্জন করেছে। পল্লী উন্নয়নে আরডিএ বগুড়ার উদ্ভাবনী মডেল শীর্ষক বইটি একাডেমীর সূচনালগ্ন থেকে এখন পর্যন্ত যতগুলো মডেল উদ্ভাবন করা হয়েছে তার একটি সংকলন। বাংলাদেশের আর্থসামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার অনুসন্ধান গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে যে মডেলসমূহ উদ্ভাবন করেছেন এই সংকলনটিতে তা সন্নিবেশ করা হয়েছে। আমার দৃঢ় বিশ্বাস বইটি বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নের সাথে জড়িত সকল প্রতিষ্ঠান, গবেষক, বিজ্ঞানী, শিক্ষাবিদ, ছাত্র-ছাত্রী এবং সাধারণ মানুষকে প্রযুক্তির বাস্তবিক প্রয়োগ সম্পর্কে ধারণা পেতে সাহায্য করবে। এছাড়াও বইটি একাডেমীতে বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণ ম্যানুয়াল হিসেবে ব্যবহার করা যাবে। বইটিতে সংকলিত বিভিন্ন মডেলের রচয়িতাসহ যারা সংকলন ও সম্পাদনার কাজে শ্রম দিয়েছেন তাদের সকলকে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মো: খুরশীদ ইকবাল রেজভী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।